বাংলাদেশ কৃষি ব্যাংক
প্রধান কার্যালয়, কৃষি ব্যাংক ভবন
৮৩-৮৫ মতিঝিল বাণিজ্যিক এলাকা
ঢাকা-১০০০
ফোন ঃ ৯৫৭৪০২৫
পিএবিএক্স ঃ ৯৫৬০০৩১-৩৫/২৫০
ই-মেইল ঃ dgmbcbd@krishibank.org.bd

শাখা নিয়ন্ত্রণ ও ব্যবসা উন্নয়ন বিভাগ

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৬৪ তারিখঃ ১৫-০৯-২০১৯

০১। সকল বিভাগীয় মহাব্যবস্থাপক
০২। মহাব্যবস্থাপক, স্থানীয় মুখ্য কার্যালয়, ঢাকা
০৩। উপ-মহাব্যবস্থাপক, কর্পোরেট শাখাসমুহ
০৪। সকল মুখ্য আঞ্চলিক ব্যবস্থাপক ও আঞ্চলিক ব্যবস্থাপক
০৫। সকল শাখা ব্যবস্থাপক (মুখ্য আঞ্চলিক/আঞ্চলিক ব্যবস্থাপকের মাধ্যমে)।
বাংলাদেশ কৃষি ব্যাংক।

বিষয় ঃ নুতন ও পুনঃ প্রচলনযোগ্য ব্যাংক নোট/ কারেন্সীর উপর লেখালিখি, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং করা প্রসংগে।

প্রিয় মহোদয়,

উপর্যুক্ত বিষয়ে বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা এর ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) হতে ২৫ ভাদ্র, ১৪২৬/ ০৯ সেপ্টেম্বর, ২০১৯ তারিখে জারীকৃত ডিসিএম সার্কুলার নং-০৬/২০১৯ এর প্রতি দৃষ্টি আকর্ষণ করা যাচ্ছে (কপি সংযুক্ত)।

০২। বাংলাদেশ ব্যাংকের উক্ত পত্রের নির্দেশনা যথাযথ অনুসরন ও পরিপালন করার জন্য সংশ্লিষ্ট সকলকে অনুরোধ করা হলো।

০৫। উপরোক্ত নির্দেশনা শাখাসমুহ কর্তৃক যথাযথভাবে পরিপালন করা হচ্ছে কিনা তা মনিটরিং করার জন্য সকল বিভাগীয় মহাব্যবস্থাপক ও মুখ্য আঞ্চলিক/ আঞ্চলিক ব্যবস্থাপকগণকে অনুরোধ করা হলো।

আপনার বিশ্বস্ত

সংযুক্তি ০১(এক) পাতা।

১৫/০৯/২০১৯
(মোহাম্মদ মনিরুল ইসলাম)
উপ-মহাব্যবস্থাপক

নং-প্রকা/শানিব্যউবি-৩(৩)/২০১৯-২০২০/৩৬৪ তারিখঃ ১৫-০৯-২০১৯
সদয় অবগতি ও প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো ঃ-
০১। চীফ ষ্টাফ অফিসার, ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০২। ষ্টাফ অফিসার, উপ-ব্যবস্থাপনা পরিচালক মহোদয়ের সচিবালয়, বিকেবি, প্রধান কার্যালয়, ঢাকা।
০৩। মহাব্যবস্থাপক, ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট (ইস্যু হিসাব শাখা) বাংলাদেশ ব্যাংক, প্রধান কার্যালয়, ঢাকা।
০৪। ষ্টাফ অফিসার, সকল মহাব্যবস্থাপক মহোদয়ের দপ্তর, বিকেবি, প্রধান কার্যালয় ঢাকা।
০৫। উপ-মহাব্যবস্থাপক আইসিটি সিস্টেমস্ কার্ড ও মোবাইল ব্যাংকিং বিভাগ, বিকেবি, প্রকা, ঢাকা তাঁকে উপরোক্ত পত্রটি ব্যাংকের ওয়েব-সাইটে আপলোড করার প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য অনুরোধ করা হলো।
০৬। সকল বিভাগীয় নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৭। সকল আঞ্চলিক নিরীক্ষা কর্মকর্তা, বাংলাদেশ কৃষি ব্যাংক, ।
০৮। নথি/মহানথি।

(মুহাম্মদ তাইবুর রহমান)
সহকারী মহাব্যবস্থাপক

F:Khalafot/Circular

৫০১১৯

# বাংলাদেশ ব্যাংক
(সেন্ট্রাল ব্যাংক অব বাংলাদেশ)
**প্রধান কার্যালয়**
মতিঝিল, ঢাকা-১০০০
বাংলাদেশ

ডিপার্টমেন্ট অব কারেন্সী ম্যানেজমেন্ট
(ইস্যু হিসাব শাখা)

ডিসিএম সার্কুলার নং- ০৬/২০১৯

২৫ ভাদ্র,১৪২৬
০৯ সেপ্টেম্বর,২০১৯

ব্যবস্থাপনা পরিচালক/ নিবাহী প্রধান
বাংলাদেশে কার্যরত সকল তফসিলী ব্যাংক

প্রিয় মহোদয়,

**নুতন ও পুনঃ প্রচলনযোগ্য ব্যাংক নোট/কারেন্সীর উপর লেখালিখি, সীল প্রদান এবং নোটের প্যাকেটে স্ট্যাপলিং করা প্রসঙ্গে।**

সম্প্রতি লক্ষ্য করা যাচ্ছে যে, বাজারে প্রচলিত বাংলাদেশী ব্যাংক নোটসমূহের উপর সংখ্যা লিখন, সীল,স্বাক্ষর প্রদান ও বারবার স্ট্যাপলিং করার কারণে নোটসমূহ অপেক্ষাকৃত কম সময়ে অপ্রচলনযোগ্য হয়ে যাচ্ছে। বাংলাদেশ ব্যাংকের অনুসন্ধানে দেখা যায় যে, টাকার উপর লাল, নীল, কালো বিভিন্ন কালিতে সংখ্যা লিখনের আধিক্য বৃদ্ধি পাচ্ছে এবং এ লেখালিখিতে ব্যাংকারগণের ভূমিকাই মূখ্য। এ ছাড়া সকল মূল্যমানের পুনঃ প্রচলনযোগ্য নোট প্যাকেটকরণে সীল প্রদান এর বিষয়টিকে বর্তমানে ব্যাংকিং প্র্যাকটিস এ পরিণত হয়েছে। এর ফলে খুব স্বল্প সময়ের মধ্যে নোটসমূহ ময়লা ও অচল হয়ে যাচ্ছে এবং ডিসিএম পরিপত্র নং-০২/২০১৬ এর যথাযথ পরিপালন না হওয়ায় স্ট্যাপলিং এর কারণে নোটের স্থায়িত্ব কমে যাচ্ছে যা বাংলাদেশ ব্যাংকের গৃহীত ক্লিন নোট পলিসি ও নোট ব্যবস্থাপনা কৌশলের সাথে সংগতিপূর্ন নয়।

০২। বাংলাদেশ ব্যাংকের কৌশলগত পরিকল্পনার ঘোষনা মোতবেক " Clean note circulation policy" বাস্তবায়নের উদ্দেশ্যে এবং বাংলাদেশী টাকার ব্যবহারিক সময়কাল বৃদ্ধির লক্ষ্যে আপনাদেরকে নিম্নরূপ নির্দেশনা প্রদান করা হলো, যা অবিলম্বে কার্যকর হবে ঃ

০২.০১.তফসিলি ব্যাংক কর্তৃক নতুন ও পুনঃ প্রচলনযোগ্য নোট গ্রহন, টাকা প্রদান এবং টাকা গণনাকরতঃ সর্টিং ও প্যাকেটিং করার সময় টাকার উপর কোন প্রকার সংখ্যা লিখন, অনুস্বাক্ষর প্রদান, সীল প্রদান কিংবা অন্য যে কোন ধরণের লেখালিখি করা যাবে না। ডিসিএম সার্কুলার নং-০১/২০১৫ এর ১.(iii) পরিপালন নিশ্চিত করণে নতুন ও পুনঃ প্রচলনযোগ্য নোট প্যাকেটকরন এর সময় ব্যাংকের মুদ্রিত ফ্লাইলীফে ব্যাংক শাখার নাম, সীল, নোট গণনাকারীর ও প্রতিনিধিগণের স্বাক্ষর ও তারিখ আবশ্যিকভাবে প্রদান করতে হবে।

০২.০২. তফসিলি ব্যাংক কর্তৃক ১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত অন্য কোন মূল্যমানের নতুন ও পুনঃ প্রচলনযোগ্য নোটের প্যাকেট স্ট্যাপলিং করা যাবে না। মূল্যমান নির্বিশেষে (১০০০ টাকা মূল্যমানের নোট ব্যতীত) সকল নতুন ও পুনঃ প্রচলনযোগ্য নোট প্যাকেট ২৫ মিঃ মিঃ হতে ৩০ মিঃ মিঃ প্রশস্ত পলিমার টেপ অথবা পলিমারযুক্ত পুরু কাগজের টেপ (Polymar Coted Paper Tape) দ্বারা ব্যান্ডিং করতে হবে। তফসিলি ব্যাংকসমূহ তাদের নোটের নিরাপত্তার স্বার্থে বিশ্বের অন্যান্য দেশে ব্যাংক নোট ব্যান্ডিং এ ব্যবহৃত আরো উন্নত প্রযুক্তির অনুসরণ করতে পারে। তবে তা যেন বর্নিত ব্যান্ডিং এর চেয়ে কার্যকর হয় তা নিশ্চিত করতে হবে। ১০০০ টাকা মূল্যমানের নোটের বিষয়ে ডিসিএম সার্কুলার নং-০২/২০১৬ এ বর্ণিত নির্দেশনা অপরিবর্তিত থাকবে।

আপনাদের বিশ্বস্ত

(মোঃ সুলতান মাসুদ আহমেদ)
মহাব্যবস্থাপক
ফোন-৯৫৩০০৯০

ফোন ঃ +৮৮-০২-৫৫৬৬৫০০১-৬, +৮৮-০২-৯৫৩০০১০-৭৫, ৯৫৩০৭০০-৫৯, ফ্যাক্স ঃ ৮৮-০২-৯৫৬৬২১২, www.bb.org.bd